# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪. ২. ১৪. শত্রুর উপর ও সকল কিছুর উপর ক্ষমতা

লূক ১০/১৯-২০: ‘‘আমি তোমাদেরকে সাপ ও বৃশ্চিক পদতলে দলিত করার এবং দুশমনের সমস্ত শক্তির উপরে কর্তৃত্ব করার ক্ষমতা দিয়েছি। কিছুতেই কোন মতে তোমাদের ক্ষতি করবে না ক্ষতি করবে না।’’

বাস্তবতার আলোকে এ কথাটা ভুল। কারণ ঈস্করিয়োতীয় যিহূদা/ এহূদা (Judas Iscariot) নামক শিষ্যকে শত্রু শয়তান পুরোপরিই দখল করতে সক্ষম হয়। অন্যান্য শিষ্য ও প্রেরিতগণকে ইহুদি ও রোমান শত্রুরা ইচ্ছামত নির্যাতন ও হত্যা করেন। ক্ষমতা ও নিরাপত্তা কোনোটাই তারা পাননি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14176

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন